



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ শক্তি ইনস্টিটিউটে ০১ (এক) টি স্থায়ী সহযোগী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল ৫০,০০০-৭১,২০০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতাঃ প্রার্থীদের অবশ্যই নবায়নযোগ্য শক্তি প্রযুক্তি বিষয়ে উচ্চতর যোগ্যতার অধিকারী হতে হবে। তাঁদের পি-এইচ, ডি. কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় অথবা কোনো উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাঁদের কমপক্ষে ০৭ (সাত) বছরের শিক্ষাদান এবং গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হবে। বিশেষ ক্ষেত্রে অভিজ্ঞতার সময়সীমায় শর্ত শিথিল করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, মার্কশিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত ২০.০৬.২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ এর নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।